তারিখ ... 15 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৮ ...

প্রথম আলো

সিলেট এমসি কলেজ

# অবশেষে সেই ছাত্রাবাস চালুর সিদ্ধান্ত

নিজস্ব প্রতিবেদক, সিলেট ●

বারান্দাজুড়ে লোহার বেষ্টনী। প্রবেশপথ লোহার বেড়ায় বাঁশ ও কাটা গাছের ডালপালা দিয়ে বন্ধ। এরপরও দেখা গেল বারান্দায় গরু, ছাগলের অবাধ বিচরণ। কক্ষগুলোর দরজায় তালা। কিন্তু কিছু জানালা খোলা, কোনোটির কাচ ভাঙা। কক্ষের ভেতরে কী আছে না আছে, জানালার ভাঙা অংশ দিয়ে এক নজরে সবই দেখা যায়। আসবাবপত্রগুলো সবই নতুন, ব্যবহার না হওয়ায় সেখানে মাকড়সার জাল বিস্তার করেছে।

সিলেটের ঐতিহ্যবাহী এমসি কলেজের পুনর্নির্মাণ করা ছাত্রাবাসের এ অবস্থা। উদ্বোধনের প্রায় ২০ মাস পরও চালু না হওয়ায় নতুন ছাত্রাবাসকে 'পোকামাকড়ের ঘরবসতি' বলে অভিহিত করছিলেন শিক্ষার্থীরা। অবশেষে সেই ছাত্রাবাস চালুর সিদ্ধান্ত হয়েছে। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কাছ থেকে গত শনিবার ছাত্রাবাসটি গ্রহণ করেছে কলেজ কর্তৃপক্ষ।

সিলেট নগরের টিলাগড়ে টিলাঘেরা এলাকায় এমসি কলেজের অবস্থান। ২০১২ সালের ৮ জুলাই রাতে ছাত্রশিবির-ছাত্রলীগের সংঘর্ষের জের ধরে আগুনে পোড়ানো হয় ছাত্রাবাসের তিনটি ব্লকের ৪২টি কক্ষ।